# সভা নং-০৪

## ব্রাহ্মণপাড়া উপজেলা পরিষদের ২০২৪ খ্রিঃ সেপ্টেম্বর মাসের মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | স.ম. আজহারুল ইসলাম<br>প্রশাসক, উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা । |
| সভার তারিখ | ঃ | ১৯/০৯/২০২৪খ্রিঃ সময় ঃ বিকাল ২.৩০ ঘটিকা। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা। |
| উপস্থিত সদস্যদের তালিকা | ঃ | পরিশিষ্ট- "ক" অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট "খ"। |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। পাঠান্তে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতভাবে গৃহীত হয়। অতঃপর উপজেলা পরিষদের বিভিন্ন বিভাগের কার্যক্রম সম্পর্কে নিম্নবর্ণিত বিষয় ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া সভায় জানান যে, বন্যায় ঘর বাড়ি, রাস্তাঘাট, ব্রীজ কালভার্ট সহ কৃষি ও মৎস্য সম্পদের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়। এ ক্ষয়ক্ষতি নিরুপণের জন্য ছাত্র-ছাত্রীদের সমন্বয়ে জরীপ কার্যক্রম চলমান আছে। উক্ত কার্যক্রম শেষে উপজেলা প্রকৌশলী এবং প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে ক্ষয়ক্ষতি অনুযায়ী প্রকল্প বাছাই এ সহায়তা প্রদান করতে নির্দেশ দেন। ইতিমধ্যে মোট ৬০ মেঃটন চাল বিতরন করা হয়েছে। কিছু পরিমাণ পানি, তৈল, ও মশলা সামান্য কিছু মালামাল মিলনায়তনে বিতরনের বাকী আছে সেগুলোর বিষয়ে জেলা প্রশাসক মহোদয়ের নিকট আলোচনা করে সিদ্ধান্ত নেয়া হবে।

বিভাগীয় প্রধানগণের আলোচনাঃ

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | **স্বাস্থ্য বিভাগঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা জানান যে, সাম্প্রতিক সময়ে বন্যার সময় এবং পরবর্তীতে স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে নিয়মিত ০৮টি ইউনিয়নে মেডিক্যাল ক্যাম্প চলছে। তবে ভালো খবর হলো যে পরিমাণ ডায়রিয়া এবং পানি বাহিত রোগ হওয়ার কথা ছিল তেমন কোন রোগী পাওয়া যায়নি। তবে বন্যা পরবর্তীতে টিউবওয়েলগুলোতে পানি ঢুকে গোল পানির বিশুদ্ধ পানির ব্যবস্থা করতে হবে। বার্থরুম গুলোতে বন্যার পানি ঢুকে গেছে এই গুলো নিষ্কাশন করতে হবে। তবে সেই রকম চর্ম রোগ তেমন হয় নাই। সমাজসেবা অধিদপ্তর রোগী কল্যাণ তহবিল হতে কিছু ঔষধ হাসপাতালে দেওয়া হয়েছে। তবে এ সময় এ ডেঙ্গু রোগী বাড়ছে। এদিকে আমাদের সকলের সজাগ থাকতে হবে। হাসপাতাল এর গত মাসে প্রায় ৯০,০০০/- টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়। হাসপাতালের সার্বিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা |
| ০২. | **কৃষি বিভাগ :** উপজেলা কৃষি অফিসার জানান যে, বন্যায় মাঠে দন্ডায়মান আউস ধানের ব্যাপক ক্ষতি হয়। ধান আধাপাকা ও অধিকাংশ ক্ষেত্রে কাঁচা থাকায় প্রায় ২% এর মত আউস আবাদের ব্যাপক ক্ষতি হয়। এছাড়া প্রায় অধিকাংশ আমন বীজতলা বন্যায় নষ্ট হয়ে যায়। ফলে বন্যা পরবর্তী সময়ে আমনেরর ফলনের লক্ষ্যমাত্রা অর্জনে কৃষি অফিস কাজ করে যাচ্ছে। আমরা ক্ষতিগ্রস্থ প্রায় ২০০০ জন কৃষককে ৫ কেজি করে বীজ, ৫ কেজি ডিএপি,৫ কেজি এমওপি এবং ১০০০ টাকা করে নগদ সাহার্য্য দেয়। এছাড়া যেসব জমিতে আমন করা সম্ভব না সেসব জমিতে অগ্রিম রবি ফসল করার পরিকল্পনা চলছে। বর্তমানে আমাদের উপজেলায় সারের মজুদ সন্তোষজনক। এছাড়া অফিসের অন্যান্য দাপ্তরিক কাজ সুষ্ঠভাবে চলছে। | | উপজেলা কৃষি কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া |
| ০৩ | **প্রকৌশলী বিভাগঃ** উপজেলা প্রকৌশলী ব্রাহ্মণপাড়া জানান যে, বন্যার কারণে ব্রাহ্মণপাড়া উপজেলার অধিকাংশ রাস্তা ই ভেঙ্গে ক্ষতিগ্রস্থ ও জনগনের চলাচলের অনুপযোগী হয়ে আছে জরুরীভিত্তিতে রাস্তাগুলো মেরামতের ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী কুমিল্লা বরাবর পত্র মাধ্যমে অবহিত করা হয়। এছাড়া ও তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | | উপজেলা প্রকৌশলী |
| ০৪. | **মৎস্য বিভাগ :** উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, বন্যায় প্রায় ৫০০০ পুকুরের ক্ষতিগ্রস্থ হয়েছে। ১৪০০০ মেট্রিক টন মাছ প্লাবিত হয়ে গিয়েছে। এছাড়া বন্যার পরবর্তী সময়ে ৩টি মোবাইল কোর্ট পরিচালিত হয়েছে। এতে ৮টি ভেসাল জাল,৫টি চায়না দুয়ারী জাল এবং ৫০০০ মিটার কারেন্ট জাল ধ্বংস করা হয়। পাশাপাশি ৩ জনকে ২০০০ টাকা জরিমানা করা হয়। উল্লেখ্য দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৫. | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, ব্রাহ্মণপাড়া বন্যায় খামারীদের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। ক্ষয়ক্ষতির পরিমান নির্ধারনের জন্য মাঠ পর্যায়ে কর্মীগণ তালিকা প্রস্তুত করছেন। এ মাসে গবাদিপশুর চিকিৎসা হয়েছে ২৫০টি কৃত্রিম প্রজনন হয়েছে ৭৫০ মাত্রা, গবাদি পশুর টিকা প্রদান হয়েছে ৪০০ মাত্রা। অত্র বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| [illegible]. | **শিক্ষা বিভাগঃ** উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে,বন্যায় কারণে স্কুল বন্ধ রয়েছে এবং পানি কমতে শুরু করেছে স্কুল আঙ্গিনা পরিষ্কার করে ক্লাস করা হবে। অত্র বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে।<br>উপজেলা নির্বাহী অফিসার জানান যে ০৩ জন এটিও ৩৪টি করে প্রাথমিক বিদ্যালয় প্রতি সপ্তাহে অনন্ত ৩টি স্কুল করে স্কুল পরির্দশন করবেন বিষয়ে একটি নির্দেশামূলক তালিকা উপজেলা শিক্ষা অফিসের প্রেরণ করা হয়েছে। | | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ০৭. | **মাধ্যমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ডেঙ্গু প্রতিরোধে প্রয়োজনীয় নির্দেশনা শিক্ষা প্রতিষ্ঠান দেয়া হয়েছে এবং মনিটর করা হচ্ছে।<br>বন্যায় প্রায় ২৯টি শিক্ষা প্রতিষ্ঠানে আশ্রয় কেন্দ্র হিসেবে ব্যবহত হয়েছে। এর ফলে টয়লেট ফ্যাসিলিটিজ বিনষ্ট হয়েছে। কিছু আসবাবপত্র বিনষ্ট হয়েছে। বন্যায় ক্ষতির পরিমাণ জানিয়ে তা অধিদপ্তরকে অবহিত করা হয়েছে। নতুন কারিকুলামের বাতিল হওয়ায় এখন পরীক্ষা অনুষ্ঠিত হবে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ০৮. | **উপজেলা সমাজসেবা বিভাগ :** উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় অবহিত করেন যে, সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বয়স্কভাতা, বিধবাভাতা ও অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা ভোগীদের ২০২৪-২০২৫ লাইভ ভ্যারিফিকেশন চলমান ছিল। ৩টি ইউনিয়নে ভ্যারিফিকেশনের কাজ হয়েছে। বাকী ইউনিয়ন পরিষদ সমূহে আগামী সপ্তাহের মধ্যে একটি সিডিউলের মাধ্যমে চালু করা হবে। এখনো ২০২৪-২০২৫ অর্থ বছরের ১ম কিস্তির (জুলাই-সেপ্টেম্বর/২৪) অর্থ ছাড় দেওয়ার পে রোল দেওয়ার নির্দেশনা পাওয়া হবে। সাম্প্রতিক সময়ে বন্যায় ইউনিসেফ এর যৌথ প্রকল্পের মধ্যে অত্র উপজেলায় ২ বারে ২০০ জন শিশুকে ফ্যামিলি ও ডিগনীটি কিড্ বক্স দেওয়া হয়েছে। | | সমাজ সেবা কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা। |
| ০৯. | **উপজেলা যুব উন্নয়ন বিভাগ :** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, আগস্ট/২৪ মাস পর্যন্ত ২২ জন যুব ও যুবমহিলার মাঝে ১০,৭০,০০০/- টাকা যুব ঋণ বিতরন করা হয়। প্রশিক্ষনের জন্য ব্যাচ প্রস্তুত আছে। ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৩.৫৬%। তাছাড়া বিগত ডিসেম্বর/২৩ খ্রি. উপজেলা উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে টয়লেট না থাকায় অসুবিধা হওয়ায় ১টি টয়লেট স্থাপনের জন্য বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করা হয়। তা পুন:রায় আবেদন জানান। এছাড়া তার দপ্তর কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১০. | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, ২০২৪-২০২৫ অর্থ বছরে " অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি" (ইজিপিপি) প্রকল্পের ১ম পর্যায়ের প্রকল্প তালিকা-৩ শ্রমিক তালিকা প্রস্তুত করতঃ দূর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণ করতে হবে।<br>বন্যায় ব্রাহ্মণপাড়া উপজেলায় সরকারি চাল ৯০ মেঃটন চাল ইউনিয়ন পরিষদ ও বৈষম্য বিরোধী ছাত্র সংগঠনের মাধ্যমে তালিকা করে জনপ্রতি ১০ কেজি করে বিতরণ করা হয়। ৫লক্ষ টাকার (ডাল, তৈল, লবন, মুড়ি, চিড়া, গুড়া মসলা ইত্যাদি শুকনা খাবার প্যাকেট করে বিতরণ করা হয়। ১লক্ষ ৫০ হাজার টাকার গো খাদ্য উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে ক্ষতিগ্রস্থ খামারী পরিবারের মাঝে ১৩৪ গো খাদের প্যাকেট বিতরণ করা হয়। বৈষম্য বিরোধী ছাত্র সংগঠন (বুয়েট) থেকে ত্রাণ বিতরণ করা হয়। নোমান গ্রুপ ৩০০ প্যাকেট ত্রাণ, ব্রাহ্মণবাড়ীয়া নবীনগর হতে (৪৭+ ২৭৩=৩২০) প্যাকেট ত্রাণ ও আস সুন্নাহ ফাউন্ডেশন হতে ৯৫ প্যাকেট ত্রাণ উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে ক্ষতিগ্রস্থ পরিবারের মাঝে সুষ্ঠ ও সুন্দরভাবে বিতরণ করা হয়। এছাড়া অত্র অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১১. | **উপজেলা মহিলা বিষয়ক বিভাগ :** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে,ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) কার্যক্রমের আওতায় জুলাই/২৪ হতে সেপ্টেম্বর/২৪ মাস পর্যন্ত ছয় মাসের ১১৩.৪৯ মে. টন পুষ্টি চাউল পাওয়া গেছে। উক্ত বরাদ্দ হতে জুলাই-আগস্ট/২৪ মাসে পুষ্টি চাউল এর ডিও দেওয়া হয়েছে এবং বিতরণ সম্পন্ন হয়েছে। পরবর্তীতে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে খাদ্য শস্য বিতরণ করা হয়েছে। চুক্তিবদ্ধ এনজিও সোশাল শেল্টার ফর ডেভেলপমেন্ট এর মাধ্যমে ভিডব্লিউবি উপকারভোগীদের সঞ্চয় আদায় এবং প্রশিক্ষন কার্যক্রম চলমান রয়েছে।<br>কিশোর- কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে।<br>অত্র উপজেলায় ০৮টি ইউনিয়নে মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৪-২০২৫ অর্থ বছরে কোন বরাদ্দ পত্র পাওয়া যায়নি। তবে উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী আবেদন করতে বলা হয়েছে।<br>কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রম চলমান আছে। | | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ১২. | **উপজলা পরিবার-পরিকল্পনা বিভাগঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, Contraception চলতি মাসে সক্ষম দম্পতি ৪৪৭৭৪ জনের মধ্যে খাবার বড়ি ১৬৯৩০ জন, কনডম ২৬২২ জন, ইনজেকশন ৫৮১৩ জন, আইইউডি ১৬২৭জন, ইমপ্লান্ট-২৮৩০ জন, স্থায়ী পদ্ধতি (পুরুষ) ৫৩০জন এবং মহিলা ৪০৫১জন, ইউনিয়নের মোট ৩৪৪০৩ জন জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি ব্যবহার করেছেন। সিএআর-৭৭.৮৪%।<br>মাতৃস্বাস্থ্য মোট গর্ভবতীর সংখ্যা ১৭১৯জন,চলতি মাসে নতুন গর্ভবতী ১৭১জন,গর্ভকালীন ৭৪২জন ও গর্ভোত্তর ৫৪৫জনকে সেবা প্রদান করা হয়েছে। আগস্ট/২৪ স্বাভাবিক প্রসবের সংখ্যা ৬১জন। | | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১৩. | **উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, বিআরডিবি কর্তৃক ব্রাহ্মণপাড়া উপজেলায় বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্প ও কর্মসূচীর মাধ্যমে ২৪-২৫ অর্থ বছরে সুবিধাভোগী সদস্যদের মাঝে ৩১১.৬০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। চলতি অর্থ বছরে নির্ধারিত লক্ষমাত্রার বিপরীতে এ যাবৎ ৭.০০ লক্ষ টাকা ঋণ বিতরন করা হয়। মাঠ পর্যায়ে বিদ্যমান ঋণ বিতরন যথারীতি আদায় কার্যক্রম বহাল রয়েছে। বিদ্যমান খেলাপী ঋণ আদায় স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিদের সহযোগীতা কামনা করছি। এছাড়া অত্র বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৪. | **একটি বাড়ী একটি খামার প্রকল্প :** সমন্বয়কারী, জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে ঋণ বিতরনের লক্ষ্যমাত্রা ১৭.৬২ লক্ষ টাকা বিতরন করেছি ১৪.৬০ লক্ষ টাকা। আদায়ের লক্ষ্যমাত্রা ১৮.০৯ লক্ষ টাকা। আদায় করেছি ১৫.০৫ লক্ষ টাকা। সঞ্চয় আদায়ের লক্ষ্যমাত্রা ১,২৭ লক্ষ টাকা আদায় করেছি ৯৫ লক্ষ টাকা। ঋণ গ্রহণ করে মৃত্যুবরন করেছে ৫৫ জন তাদের বকেয়া ঋণের পরিমান প্রায় ৪০ লক্ষ টাকা ২০ লক্ষ টাকা মওকুফ চলমান আছে। এছাড়া অত্র দপ্তরে অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | সমন্বয়কারী এবাএখা ব্রাহ্মণপাড়া |
| ১৫. | **উপজেলা সমবায় বিভাগঃ** উপজেলা সমবায় কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তাঁর দপ্তর সর্ম্পকে কিছু জানা যায়নি। | | সমবায় কর্মকর্তা |
| ১৬. | **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :** উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা সভায় জানান যে, বন্যাকালীন সময়ে গভীর নলকূপ পানির নিচে তলিয়ে গেছে। নলকূপের পানি না খেয়ে পানি বিশুদ্ধ করন ট্যাবলেটের মাধ্যমে পানি বিশুদ্ধ করে খাওয়ার জন্য উপস্থাপন করেন। | | জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা |
| ১৭.. | **বন বিভাগ :** ফরেস্টার ব্রাহ্মণপাড়া দূর্ঘটনা জনিত কারণে অসুস্থ থাকায় তিনি সভায় উপস্থিত না থাকায় তাঁর বিভাগ সর্ম্পকে কিছু জানা যায়নি। | | |
| ১৮ | **পল্লী বিদ্যুৎঃ** ডিজিএম কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২ সভায় অনুপস্থিত থাকায় তাঁর দপ্তর সর্ম্পকে কিছু জানা যায়নি। | | |
| ১৯ | **বিবিধ আলোচনা ঃ** | | |
| ক. | ব্রাহ্মণপাড়া বর্জ্য ব্যবস্থাপনা একটা বাজে অবস্থায় রয়েছে। পুরো ব্রাহ্মণপাড়া সদরে বর্জ্য ফেলার নির্দিষ্ট কোন স্থান নেই। স্থান নির্বাচন, বর্জ্য অপসারনের ভ্যানগাড়ী, লোকবল এবং আবাসিক ভবনের উপকারভোগীর সাথে আলোচনার জন্য চেয়ারম্যান সদর ইউপি ও উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তার সমন্বয়ে একটি প্রকল্প কমিটি গঠনের জন্য সভায় আলোচনা করেন। | চেয়ারম্যান সদর ইউপি ও উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তার সমন্বয়ে কমিটি সরেজমিনে পরিদর্শণ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত হয়। | |
| খ. | উপজেলা প্রকৌশলী, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা উপজেলা পরিষদ কমপ্লেক্স এর অভ্যন্তরে ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় স্থাপন ২২টি ক্যামেরা, ডিজিটাল টিভি মনিটরসহ ক্যামেরা স্থাপনের আনুষাঙ্গিক ও মেস্ত্রী মজুরী সহ ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার প্রাক্কলন উপস্থাপন করেন। | অনুমোদন করা হয় ও উপজেলা রাজস্ব তহবিল হতে আরএফকিউ মাধ্যমের ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

গ উপজেলা প্রকৌশলী বিভাগ ঃ ব্রাহ্মণপাড়া উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে উপজেলা রাজস্ব তহবিল, উন্নয়ন তহবিল ও হাট বাজার খাত হতে নিম্নলিখিত প্রকল্পসমূহ উপস্থাপন করেন।

| ক্রমিক নং | প্রকল্পের নাম | খাত | পিআইসি/ আরএফকিউ | সম্ভাব্য ব্যয় |
|---|---|---|---|---|
| ০১ | ব্রাহ্মণপাড়া-দুলালপুর সড়কের চেইঃ ০০-৭৫৫ মিটার এ জরুরী ভিত্তিতে Brick,bats, HBB দ্বারা মেরামত ও চেইঃ ৬৫৫ এ ০.৬০×০.৯০০×৮মিটার ইউ-ড্রেইন নির্মাণ | উন্নয়ন তহবিল | আরএফকিউ | ৯,০০,০০০/- |
| ০২. | ক.শশীদল ইউনিয়নে বাগড়া সড়ক ও জনপথ রাস্তা হতে জসিম সাহেবের বাড়ী পর্যন্ত রাস্তা bats দ্বারা মেরামত ও ড্রেইন নির্মাণ<br>খ. শশীদল ইউনিয়নে শশীদল রেল স্টেশন হতে তোতা মিয়া মেম্বার বাড়ী সড়ক HBB দ্বারা উন্নয়ন | উন্নয়ন তহবিল | আরএফকিউ | ১০,০০,০০০/- |
| ০৩. | ক. ব্রাহ্মণপাড়া উপজেলা পরিষদের হলরুমের বৈদ্যুতিক লাইন সংস্কার ও রং করন<br>খ. উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন সংলগ্ন আনসারদের ডিউটি কক্ষ নির্মাণ | রাজস্ব তহবিল | পিআইসি | ২,০০,০০০/- |
| ০৪. | ব্রাহ্মণপাড়া বাজার সংলগ্ন সিএনজিস্ট্যান্ড পুন: সংস্কার | হাট বাজার খাত | পিআইসি | ২,০০,০০০/- |
| ০৫. | বন্যায় ক্ষতিগ্রস্থ ব্রাহ্মণপাড়া ভগবান উচ্চ বিদ্যালয়ের পুকুরের পাড় সংস্কার | উন্নয়ন তহবিল | পিআইসি | ২,০০,০০০/- |
| ০৬. | দুলালপুর ইউনিয়নে নাল্লা সাপের পুল হতে পশ্চিমে দেবিদ্বার সংযোগ পর্যন্ত সড়ক মেরামত | উন্নয়ন তহবিল | আরএফকিউ | ১০,০০,০০০/- |
| ০৭. | সদর ইউনিয়নে ধান্যদৌল আবদুর রাজ্জাক খান উচ্চ বিদ্যালয়ের পুকুরে প্যালা ওয়াল নির্মাণ | উন্নয়ন তহবিল | পিআইসি | ১,০০,০০০/- |
| ০৮. | ব্রাহ্মণপাড়া উপজেলা বাইপাস সড়কের অসমাপ্ত কাজ সমাপ্তকরন | উন্নয়ন তহবিল | আরএফকিউ | ১০,০০,০০০/- |
| ০৯. | শশীদল ইউনিয়নে কুমিল্লা-সালদানদী আরএন্ডএইচ সড়ক হতে মোরশেদ আলমের বাড়ী পর্যন্ত সড়ক আরসিসি দ্বারা উন্নয়ন | উন্নয়ন তহবিল | পিআইসি | ২,০০,০০০/- |
| ১০. | মালাপাড়া ইউনিয়নে সম্প্রতি বন্যার ক্ষতিগ্রস্ত বিভিন্ন সড়ক জরুরী ভিত্তিতে মেরামত | উন্নয়ন তহবিল | পিআইসি | ২,০০,০০০/- |
| ১১. | শিদলাই ইউনিয়নে সম্প্রতি বন্যার ক্ষতিগ্রস্ত বিভিন্ন সড়ক জরুরী ভিত্তিতে মেরামত | উন্নয়ন তহবিল | পিআইসি | ২,০০,০০০/- |
| ১২. | শশীদল ইউনিয়নে সম্প্রতি বন্যার ক্ষতিগ্রস্ত শশীদল সেনের বাজার হতে মালেকের সর্দার এর বাড়ী পর্যন্ত সড়ক জরুরী ভিত্তিতে মেরামত | উন্নয়ন তহবিল | পিআইসি | ২,০০,০০০/- |
| ১৩. | দরপত্র আনুষাংঙ্গিক খরচ ৫২,০০,০০০×০.৫% | উন্নয়ন তহবিল | | ২৬,০০০/- |

সিদ্ধান্ত ঃ স্কীম সমূহ অনুমোদন করা হয়। উপজেলা উন্নয়ন, রাজস্ব ও হাট বাজার খাত হতে ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।

তঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স.ম. আজহারুল ইসলাম)
প্রশাসক
উপজেলা পরিষদ
ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
ফোন: ০৮০২৮-৫৬০৩০

স্মারক নং ০৫.৫৪৯.০০৬.০০.০০.০০১.২৪-৬৯ (২৮)

তারিখ: ১৯/০৯/২০২৪খ্রি.

**অনুলিপি :**

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. কমিশনার , চট্টগ্রাম বভাগ, চট্টগ্রাম।
৩. পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, চট্টগ্রাম বিভাগীয় কমিশনার অফিস, চট্টগ্রাম।
৪. জেলা প্রশাসক, কুমিল্লা।
৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, কুমিল্লা।

(১–৫) **সদয় অবগতির জন্য।**

৬. চেয়ারম্যান.................................................(সকল) ইউপি, ব্রাহ্মণপাড়া , কুমিল্লা — অবগতি ও কার্যার্থে

(স.ম. আজহারুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।